# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-৫৯৪ তারিখ ঃ ০৬/০৫/২০২৪ খ্রি.

## নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার গণযোগাযোগ সেল (MCC) কমিটির সকল সদস্যদের অবগতি ও উপস্থিতির জন্য জানান যাচ্ছে যে, আগামী ০৯/০৫/২০২৪ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকল সদস্যগণকে যথা সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৬/৫/২৪

(মোঃ বজলুর রহমান)
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
সভাপতি
গণযোগাযোগ সেল (MCC) কমিটি

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

প্রাপক ঃ জনাব .......................................................

পদবী.......................................................

মানিকগঞ্জ পৌরসভা।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-৫৯৪ তারিখ ঃ ০৬/০৫/২০২৪ খ্রি.

অনুলিপিঃ-

০১। নির্বাহী প্রকৌশলী,মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ-কে উপরোক্ত তারিখ ও সময়ে গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। জনাব ............................................পদবী ঃ..............................,মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী ও সহায়ক কর্মকর্তা, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (MCC) কমিটি মানিকগঞ্জ পৌরসভা-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।

০৪। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ-কে নোটিশটি পৌরসভার ওয়েব সাইডে প্রকাশ করার জন্য বলা হলো।

০৫। অফিস কপি।

০৬/৫/২৪

পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
সভাপতি
গণযোগাযোগ সেল (MCC) কমিটি

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-

তারিখ ঃ ০৯/০৫/২০২৪ খ্রি.

০৯/০৫/২০২৪ ইং তারিখে "গণযোগাযোগ সেল (MCC) কমিটির" সভায় উপস্থির স্বাক্ষর ঃ-

| ক্র নং | নাম | অফিস পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ বজলুর রহমান | পৌর নির্বাহী কর্মকর্তা<br>মানিকগঞ্জ পৌরসভা | সভাপতি | |
| ০২ | জনাব আ.ন.ম গিয়াস উদ্দিন খান | নির্বাহী প্রকৌশলী<br>মানিকগঞ্জ পৌরসভা | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আফান আলী | হিসাব রক্ষণ কর্মকর্তা<br>মানিকগঞ্জ পৌরসভা | সদস্য | |
| ০৪ | জনাব মীর মোঃ জসীম উদ্দীন | স্যানেটারী ইন্সপেক্টর<br>মানিকগঞ্জ পৌরসভা | সদস্য | |
| ০৫ | জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম | প্রধান সহকারী<br>মানিকগঞ্জ পৌরসভা | সহায়ক কর্মকর্তা | |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/৬১২ তারিখ ঃ ০৯/০৫/২০২৪ খ্রি.

**"গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভার কার্যবিবরণী"**

| | | |
|---|---|---|
| ০১। | সভার সভাপতি | ঃ জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, গণযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২। | সভার নাম | ঃ গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভা। |
| ০৩। | সভার তারিখ | ঃ ০৯/০৫/২০২৪ইং। |
| ০৪। | সভার বার | ঃ বৃহস্পতিবার |
| ০৫। | সভার সময় | ঃ সকাল ১০.০০ ঘটিকা। |
| ০৬। | সভার স্থান | ঃ পৌর নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ, মানিকগঞ্জ পৌরসভার । |

**সভায় উপস্থিতি ঃ (পরিশিষ্ট-ক)**

গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভাপতি জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভার সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলামকে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

## ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও স্থিরিকরণ ঃ-

**আলোচনা ঃ** সভাপতির অনুমতিক্রমে সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভা- গণযোগাযোগ সেল (MCC) কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। বিগত ২১/০৩/২০২৪তারিখের সভার কার্যবিবরণী শ্রবনান্তে উক্ত সভার কার্যবিবরণীর উপর আলোচনা করেন।

**সিদ্ধান্তঃ-** বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন রুপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করার সুপারিশ গৃহিত হলো।

## (২) ঈদ-উল-আযহা, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা ঃ

**আলোচনা ঃ** সভার সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আগামী ১৭ জুন, ২০২৪ পবিত্র ঈদ-উল-আযহা উদ্‌যাপিত হবে। পবিত্র ঈদ-উল-আযহা যথাযথ ভাব গাম্ভির্য্যের সহিত উদ্‌যাপন উপলক্ষে পৌরসভার মাধ্যমে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। তার মধ্যে উল্লেখ যোগ্য হলো, জাতীয় ঈদগাহ্ মাঠ (শহীদ মিরাজ তপন স্টেডিয়াম) এর সম্মুখ ভাগে ভিআইপি গেট নির্মাণ সহ মাঠের ভিতরে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা আলাদা প্যান্ডেল নির্মাণ,

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

পৌর শহর পরিস্কার পরিচ্ছন্নতা কাজ বাস্তবায়ন, পৌরসভা কার্যালয় ও পানি সরবরাহ শাখা আলোকিতকরণ কাজ ও মানিকগঞ্জ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান সমূহে জাতীয় পতাকা দ্বারা বর্ণিলভাবে সজ্জিতকরণ, কোরবানীর পর উৎকৃষ্ট অংশ অর্থাৎ পৌর এলাকার কোরবানীর যাবতীয় ময়লা আবর্জনা পৌরসভার মাধ্যমে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়ে থাকে। আসছে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৪ যথাযথ ভাবে প্রতিপালনের লক্ষে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিস্তারিত আলোচনান্তে আসছে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৪ যথাযথ ভাবে প্রতিপালনের এবং পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নেওয়া কর্মসূচি সুন্দর ও সুচারু ভাবে বাস্তবায়ন সহ পৌরসভার বিভিন্ন এলাকার ৩৩ (তেত্রিশ) টি কেন্দ্রের মাধ্যমে কোরবানী পশুর উৎকৃষ্ট অংশ অপসারণের জন্য কর্মচারী নিয়োগ সহ মাইকিং ও লিফলেটের মাধ্যমে জন-সাধারণকে সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের এবং বাস্তবায়তি কাজের ব্যয় সমূহ পৌরসভার রাজস্ব তহবিল হতে পরিশোধের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**(৩) <u>পৌরসভার বিভিন্ন তথ্য প্রচার প্রচারনা প্রসঙ্গে আলোচনা</u> ঃ**

**<u>আলোচনা</u>** ঃ সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে জানান যে, পৌরসভার সেবা গ্রহিতা ও সেবা প্রদান সংক্রান্ত সকল তথ্য পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রচার প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । তিনি আরো বলেন এখনো অনেক শাখা রয়েছে যারা সঠিক ভাবে তাদের তথ্য ওয়েব সাইডে যথা সময়ে প্রকাশ করেন না । এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনান্তে পৌরসভার বিভিন্ন কমিটির সভার কার্যবিবরণী, জন সম্পৃক্ত জরুরী বার্তা সমূহ পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রকাশের সুপারিশ গৃহিত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি পবিত্র ঈদ-উল-আযহার অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৫/২৪

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(মোঃ বজলুর রহমান)
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ও
সভাপতি
গণযোগাযোগ সেল (MCC) কমিটি
তারিখ ঃ ০৯/০৫/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/৬১২

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ</u>

০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা।
০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। জনাব ............................................ সদস্য গনযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

০৯/০৫/২৪

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ও
সভাপতি
গণযোগাযোগ সেল (MCC) কমিটি